# জাতীয় বাজেট ২০২২-২৩: সারসংক্ষেপ

## স্থানীয় সরকার মন্ত্রণালয়




বাস্তবায়নে
BAMU
Budget Analysis and Monitoring Unit
Bangladesh Parliament Secretariat

কারিগরি সহায়তায়
Funded by
the European Union

সহযোগিতায়: DT Global

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

বাজেট হেল্পডেস্ক ২০২২

Technical Assistance to Support the Implementation of the PFM Reform Strategic Plan in Bangladesh

## ১। প্রেক্ষাপট এবং কিছু উল্লেখযোগ্য পরিকল্পনা

স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন বিভাগের অভীষ্ট লক্ষ্য হিসেবে চিহ্নিত রয়েছে স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ, গ্রাম ও নগরের জলবায়ু পরিবর্তনসহিষ্ণু অবকাঠামো উন্নয়ন এবং আর্থসামাজিক কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন। বর্তমান সরকারের "রূপকল্প ২০৪১" বাস্তবায়ন ও দারিদ্র্য নিরসন, সহস্রাব্দ উন্নয়ন এবং টেকসই উন্নয়নের অভীষ্টসমূহ বা এসডিজি অর্জনের প্রচেষ্টার সাথে এ বিভাগ সরাসরি সম্পৃক্ত। দেশের তৃণমূল পর্যন্ত সেবা পৌঁছে দিতে স্থানীয় সরকার বিভাগ সক্রিয় ভূমিকা পালন করে। দেশের সকল জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী ওয়াসা এবং জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট-এর মত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও প্রশিক্ষণ প্রদান করা হয়।

সরকারের বিগত ১৩ বছরে পল্লী খাতে ৬৯,০০২ কিলোমিটার পাকা সড়ক, ৪,০৫,০৯৯ মিটার নতুন ব্রিজ নির্মাণ, ১,০৯,০৭৮ কিলোমিটার পাকা পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ, ১,৭৬৭টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবণ নির্মাণ, ৩৫৪টি উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ বা সম্প্রসারণ করা হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ এর অঙ্গীকার বাস্তবায়নের অংশ হিসেবে পল্লী অঞ্চলে উন্নত রাস্তা-ঘাট এবং আধুনিক নগর সুবিধাদি প্রদানের জন্য 'আমার গ্রাম আমার শহর' কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া 'আমার গ্রাম আমার শহর' কর্মপরিকল্পনা বাস্তবায়নের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য ৩৬টি ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

রূপকল্প ২০৪১ এবং এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উপর গুরুত্ব আরোপের মাধ্যমে ৮৭,২৩০টি গ্রামের উন্নয়নের জন্য রূপরেখা প্রণয়ন করা হবে। এছাড়া উক্ত কারিগরি সহায়তা প্রকল্পের সুপারিশ অনুযায়ী ভবিষ্যতে বড় আকারের বিনিয়োগ প্রকল্প গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত আছে।


দেশের দারিদ্র্যপীড়িত এলাকার দারিদ্র্য হ্রাস ও জীবন মান উন্নয়ন এবং গ্রামকে উন্নয়নের কেন্দ্রবিন্দু হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় এ যাবত ৮,৮২৮টি সমিতি গঠন করা হয়েছে। বিভিন্ন শ্রেণীতে ৩,৫৮,৬৮২ জন সুবিধাভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে মোট ২,০৩,৯৪৪ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

আগামী ২০২২-২৩ অর্থবছরে পল্লী খাতে ৫,০০০ কিলোমিটার নতুন সড়ক নির্মাণ, ৭,০০০ কিলোমিটার পাকা সড়ক সমায়ন্তর রক্ষণাবেক্ষণ, ১,৯০০ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণ, ৫,৫০০ মিটার ব্রিজ/কালভার্ট রক্ষণাবেক্ষণ, ১৪০টি গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন, ৬০টি উপজেলা/ইউনিয়ন কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ, ১৩০টি সাইক্লোন শেল্টারসহ বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্য স্থির করা হয়েছে। ফলে দেশের সড়ক নেটওয়ার্ক কভারেজ ৩৮.০২ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৩৯.৪৩ শতাংশে উন্নীত হবে। এছাড়া নগর অঞ্চলে ১,৭৬০ কিলোমিটার রাস্তা ও ফুটপাত নির্মাণ, ১৭০ কিমি ড্রেন নির্মাণের লক্ষ্যমাত্রাও নির্ধারণ করা হয়েছে।

## ২। স্থানীয় সরকার খাতে ২০২২-২৩ বাজেট প্রস্তাবনা

স্থানীয় সরকার খাতে ৪৪,৬৯০ কোটি টাকার বরাদ্দ প্রস্তাবনা রাখা হয়েছে যা সংশোধিত বাজেটের তুলনায় ৫.১ শতাংশ বেশি (লেখচিত্র-১)।


**লেখচিত্র ১: স্থানীয় সরকার ২০২২-২৩ খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির প্রস্তাবনা (ঋণ ও অগ্রিম, অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণ পরিশোধ, খাদ্য হিসাব এবং সমন্বয় ব্যয় ব্যতীত)**




**তথ্যসূত্র:** বাজেটের সংক্ষিপ্তসার, ২০২২-২৩, অর্থ মন্ত্রণালয়

বাজেট বরাদ্দের মূল অংশ ব্যয় করবে স্থানীয় সরকার বিভাগ, যা মোট বরাদ্দের ৯৩.৩৩ শতাংশ (লেখচিত্র-২)।

**লেখচিত্র ২: স্থানীয় সরকার ২০২২-২৩ মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বাজেট বরাদ্দ প্রস্তাবনা**





**তথ্যসূত্র:** বাজেট বক্তৃতা ২০২২-২৩, ৯ জুন ২০২২

## ৩। বাৎসরিক উন্নয়ন পরিকল্পনায় স্থানীয় সরকার খাতে বরাদ্দ

বিগত কয়েক বছরের বাৎসরিক উন্নয়ন পরিকল্পনা বা এডিপি পর্যালোচনা করলে দেখা যায় যে, এই মন্ত্রণালয়ের এডিপিতে বরাদ্দ ক্রমান্বয়ে টাকার অংকে বেড়েছে। স্থানীয় সরকার খাতে মোট উন্নয়ন পরিকল্পনা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে ৩৩,২০০ কোটি টাকা। বিভিন্ন বিভাগ ও মন্ত্রণালয়ে বরাদ্দের বিভাজন নিম্নরূপ (লেখচিত্র-৩)।

**লেখচিত্র ৩: বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় স্থানীয় সরকার**




**তথ্যসূত্র:** বার্ষিক উন্নয়ন কর্মসূচি (২০২২-২৩)

## ৪। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং স্থানীয় সরকার খাতের বাজেট

"রূপকল্প ২০৪১"-এর অভীষ্ট লক্ষ্য অর্জনে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা হিসেবে প্রেক্ষিত পরিকল্পনা (২০২০-২০৪১) প্রণয়ন করা হয়েছে এবং মধ্য মেয়াদী পরিকল্পনা হিসেবে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২৫) প্রণয়ন করা হয়েছে। সমৃদ্ধি, অন্তর্ভুক্তিকরণ, দারিদ্র্য বিমোচন এবং বৈষম্যরোধ—মূলত এই বৃহৎ উদ্দেশ্যসমূহকে সামনে রেখে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা করা হয়েছে। জনগণের বহুমুখী চাহিদা পূরণের জন্য একটি কার্যকর স্থানীয় সরকার বিভাগের প্রয়োজনীয়তার কারণে এ বিভাগের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। জাতীয় উন্নয়নে স্থানীয় সরকারের অবদানও অনেকাংশে বেড়েছে। স্থানীয় সরকার বিভাগে এডিপিতে বরাদ্দের হার ক্রমান্বয়ে বৃদ্ধির কারণে এই অগ্রগতি সম্ভব হয়েছে। ঘোষিত বাজেট কর্মসূচিতেও এ ধারা অব্যাহত রাখার পরিকল্পনা রয়েছে।



This printed material was produced with the financial support of the European Union. Its contents are the sole responsibility of DT Global and CPD, and do not necessarily reflect the views of the European Union.